| | বাংলাদেশ কৃষি ব্যাংক<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।<br>e-mail: crmkushtia@krishibank.org.bd | ফোনঃ ০২৪৭-৮৮৫৩২৩০,<br>০২৪৭ -৭৭৮২৫৮০; |
|---|---|---|

নং মুঃআঃকাঃ (কুষ্টিয়া)/প্রশা-১১৩/২০২৩-২৪/১৬৩৮ তারিখঃ ২৫-০৩-২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ জানুয়ারি/২০২৫ হতে মার্চ/২০২৫ সময়কালের অর্থবছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব মোঃ নাজমুল করিম চৌধুরী, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় ঃ ২৫/০৩/২০২৫ খ্রিঃ বিকালঃ ৩.৩০ ঘটিকা
স্থান ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া ।
উপস্থিতি ঃ প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি গত প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা করেন।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব কে,এম, মোস্তাফিজুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০২৪-২৫ অর্থবছরের ৩য় প্রান্তিকের সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়;

৩.১) প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ হতে সময়ে সময়ে চাহিত বিভিন্ন প্রতিবেদনসমূহ যথাসময়ে এবং নির্ভূলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.২) ২০২৪-২০২৫ অর্থবছরে বন্টনকৃত লক্ষ্যমাত্রা শতভাগ (১০০%) অর্জনের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এছাড়াও সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচী যথাযথ ব্যক্তি ও খাত চিহ্নিতপূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৩.৩) কার্যালয়/শাখাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে ডেঙ্গুজ্বর প্রতিরোধে সচেতনতা গড়ে তুলার লক্ষ্যে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে, একই সাথে আগত সকল সেবা প্রত্যাশীগণ ডেঙ্গুজ্বর প্রতিরোধে সচেতন কিনা তা নিশ্চিত করতে হবে।

৩.৪) সর্বস্তরের জনগনের আর্থিক সাক্ষরতা নিশ্চিতকল্পে শাখাসমূহকে সর্বদা তদারকি করতে হবে।

৩.৫) গ্রাহক সেবা নিশ্চিতকল্পে আরো দ্রুততা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করতে হবে।

৩.৬) ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কাজ হতে বিরত থাকতে হবে।

৩.৭) গত প্রান্তিকে সভার সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।

৩.৮) নিম্ন সুদবাহী আমানত সংগ্রহের বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে হবে।

৩.৯) চলতি প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৩.১০) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ১৭ (সতের) টি শাখা ও কার্যালয়সমূহে পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| 25/03/2025 | ২৫/০৩/২৫ | 25/03/2025 | ২৫/০৩/২০২৫ | ২৫/০৩/২০২৫ |
| (কে,এম, মোস্তাফিজুর রহমান)<br>সহকারী মহাব্যবস্থাপক<br>ও<br>সদস্য সচিব, নৈতিকতা কমিটি, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া | (মোঃ একরামুল হক)<br>কর্মকর্তা<br>ও<br>সদস্য, নৈতিকতা কমিটি বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া | (মোঃ আব্দুল্লাহ আল মামুন)<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা<br>ও<br>সদস্য নৈতিকতা কমিটি বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া | (আশিক আহমেদ সিদ্দিকি)<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা<br>ও<br>সদস্য নৈতিকতা কমিটি বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া | (মোঃ নাজমুল করিম চৌধুরী)<br>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক<br>ও<br>সভাপতি নৈতিকতা কমিটি, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া |